

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
আইসিটি শাখা



২০২৩-২০২৪ অর্থবছরের নভেম্বর ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|------------|--|
| সভাপতি | মো: সাইফুল ইসলাম জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৯ নভেম্বর ২০২৩ খ্রি: |
| সভার সময় | দুপুর ১:১৫ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার সম্মেলন কক্ষ 'করতোয়া'য় |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি কর্তৃক সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি'র অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরণী পড়ে শোনানো হয় এবং কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা করা হয়।

আলোচনা:

আলোচনাকালে সভাপতি কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে জেলা পর্যায়ের জন্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উপজেলা বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অতিসত্ত্বর প্রণয়ন করার নির্দেশনা প্রদান করা হয়। জেলায় গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১ম অর্ধবার্ষিক সময়ের বাস্তবায়নযোগ্য পরিকল্পনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত জেলার সকল সরকারি দপ্তরের প্রেরিত সেবা সহজিকরণের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা/আইডিয়া অতিসত্ত্বর বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। উপজেলা পর্যায়েও অনুরূপভাবে সকল সরকারি দপ্তরের সেবা সহজিকরণের উদ্ভাবনী উদ্যোগের ধারণা/আইডিয়া বাস্তবায়ন করে অত্র অফিসকে অবহিত করত: গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়। স্ব-স্ব উদ্ভাবনী ধারণা দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ জানানো হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---------|---|---|
| ০১. | ২০২৩-২০২৪ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ের জন্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উপজেলা বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করতে হবে। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এর ১ম অর্ধ বার্ষিকীর লক্ষ্যমাত্রা পূরণ নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ৩। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া |
| ০২. | ২০২৩-২০২৪ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উপজেলা বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা পোর্টালে দৃশ্যমান আছে কিনা তা নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া ৩। সহকারী প্রোগ্রামার (সকল) |
| ০৩. | জেলা পর্যায়ের দপ্তরসমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া ২। জেলার সকল দপ্তর প্রধান ৩। সহকারী কমিশনার (আইসিটি), বগুড়া |

| | | |
|-----|--|--|
| ০৪. | উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের পোর্টালে ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ২। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া |
| ০৫. | প্রতিমাসে নিয়মিতভাবে উপজেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া |
| ০৬. | জেলার সকল দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়সহ উপজেলার সকল দপ্তরের পোর্টালে সকল তথ্য যথাসময়ে হালনাগাদ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া ২। জেলার সকল দপ্তর প্রধান ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), বগুড়া ৫। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া ৬। সহকারী প্রোগ্রামার (সকল) |
| ০৭. | জেলার সকল দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়সহ উপজেলার বিভিন্ন দপ্তরসমূহকে উদ্ভাবনী ধারণা, উদ্যোগ ও উদ্ভাবনী চিন্তাধারা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া ২। জেলার সকল দপ্তর প্রধান ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), বগুড়া |
| ০৮. | এ কার্যালয়ে জনসেবার সাথে সম্পৃক্ত সকল সেবার উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ ও প্রযুক্তিনির্ভর এবং বাস্তবায়নযোগ্য ইনোভেশন সংক্রান্ত ধারণা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ৩। সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া |



মো: সাইফুল ইসলাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০২৪.০৯.০০৬.২৩.২০৪

তারিখ: ৫ অগ্রহাষণ ১৪৩০

২০ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৪) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
- ৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বগুড়া



মো: সাইফুল ইসলাম
জেলা প্রশাসক